



## কাজ করে এমন ধোঁয়া/কার্বন মনোক্সাইড (CO) অ্যালার্ম রাখুন



10 বছরের সিল করা ব্যাটারি সহ অ্যালার্ম।



সাম্প্রতিক বছরগুলিতে, বাড়িতে  
আগুনে মৃত্যুর 70% ঘটেছে  
যেখানে কোনো চালু স্মোক/কার্বন  
মনোক্সাইড অ্যালার্ম ছিল না।

যখন আপনার বাড়িতে চালু  
স্মোক/কার্বন মনোক্সাইড অ্যালার্ম  
থাকে তখন আগুনে আপনার  
মৃত্যুর ঝুঁকি অর্ধেক হয়ে যায়।



কাজ করে এমন ধোঁয়া/কার্বন মনোক্সাইড (CO) অ্যালার্ম দ্রুত আপনাকে এবং আপনার প্রিয়জনকে আগে থেকে সংকেত দিয়ে জানিয়ে দেয় কিছু সমস্যা হয়েছে ফলে জীবন বাঁচে। আগুন দ্রুত ছড়ায় এবং কার্বন মনোক্সাইড হল নীরব ঘাতক। কাজ করা অ্যালার্ম হল আপনার নির্গমন প্ল্যানের সবচেয়ে গুরুত্বপূর্ণ জিনিস।

- সঠিক ধরণের অ্যালার্ম আছে তা নিশ্চিত হোন। অ্যালার্মগুলি অবশ্যই Underwriters Laboratories (UL চিহ্ন দেখুন) দ্বারা অনুমোদিত হতে হবে এবং প্রবণযোগ্য আয়ুষ্কাল শেষ হবার সতর্কতা থাকতে হবে। সমস্ত নতুন এবং প্রতিস্থাপন করা স্মোক অ্যালার্মে সিল করা 10 বছরের ব্যাটারি থাকতে হবে, যা বদলানো বা অপসারণ করা যাবে না।
- স্মোক অ্যালার্ম এবং CO অ্যালার্ম (অথবা স্মোক/কার্বন মনোক্সাইডের কম্বিনেশন অ্যালার্ম) রাখুন। এক ধরনের অ্যালার্ম অন্য ধরনের অ্যালার্মের বিকল্প নয়।
- যদি আপনার অ্যালার্মে এখনও অপসারণযোগ্য ব্যাটারি ব্যবহার করা হয়ে থাকে তাহলে বছরে দুইবার তা পরিবর্তন করতে ভুলবেন না। ডেলাইটা সেভিং টাইমের জন্য ঘড়ির ব্যাটারি পরিবর্তনের সঙ্গে অ্যালার্মের ব্যাটারি পরিবর্তন করলে তা ব্যাটারি পরিবর্তনের কথা মনে করিয়ে দেয়। এইসব অ্যালার্মগুলি যত শীঘ্র সম্ভব বদলে 10 বছরের সিল করা ব্যাটারি থাকা অ্যালার্মে বদলে ফেলুন।

### অ্যালার্ম লাগানো

- বেসমেন্ট সহ আপনি যেখানে ঘুমান এবং আপনার বাড়ির প্রতিটি স্তরে অ্যালার্ম লাগান।
- সিলিংয়ে, রুমের কেন্দ্রের কাছে দেওয়াল থেকে চার ইঞ্চির মধ্যে অ্যালার্ম লাগান। অ্যালার্ম দেওয়ালে লাগানো আবশ্যিক, এটা সিলিংয়ের চার থেকে 12 ইঞ্চির মধ্যে লাগানো উচিত।
- ইন্টারকানেক্টেড অ্যালার্ম লাগানোর কথা বিবেচনা করুন যাতে একটা অ্যালার্ম বাজলে সবগুলো বেজে উঠে।
- যাদের শ্রবণশক্তি জনিত সমস্যা আছে বা বধির তাদের জন্য বিশেষ অ্যালার্ম লাগাতে হবে। স্ট্রব লাইট এবং বেড শেকার উপলভ্য।

### অ্যালার্ম রক্ষণাবেক্ষণ

- টেস্ট বোতাম টিপে নিয়মিত আপনার অ্যালার্মগুলি পরীক্ষা করুন।
- প্রতি 10 বছর অন্তর অথবা অ্যালার্ম সংকেত দিচ্ছে যে সেটির আয়ু শেষ সীমায় পৌঁছেছে এবং সেটির বদলানো প্রয়োজন তখন অ্যালার্মগুলি বদলে ফেলুন।
- নিয়মিত ধুলো ঝেড়ে বা ভ্যাকুয়াম ক্লিনার দিয়ে অ্যালার্মগুলি পরিষ্কার রাখুন।

### কখন অ্যালার্ম বাজে

- যদি কোন CO অ্যালার্ম বেজে উঠে, আপনাকে ও আপনার পরিবারকে অবিলম্বে বাইরে বেড়িয়ে 911 নম্বরে ফোন করতে হবে।
- যদি কোনো স্মোক অ্যালার্ম বেজে উঠে, তাহলে আপনার নির্গমন প্ল্যান অনুসরণ করুন।
- যদি কোনো অ্যালার্ম ভুলবশত বেজে ওঠে তাহলে হাশ টিপে বা বোতাম রিসেট করে অ্যালার্ম বন্ধ করুন। জানালা খুলে বাতাস পরিষ্কার করতে ভেন্ট ফ্যান চালু করে দিন।
- বাথরুমের বাষ্প ও রান্নার সময়ের বাষ্পের কারণে ভুল করে প্রায়ই অ্যালার্ম বেজে উঠে। ভুলবশত বার বার অ্যালার্ম বাজলে সেটাকে অন্য জায়গায় লাগান।